সাক্ষী হওয়া

বিশেষ ব্যবস্থার ব্যবহার

এই পুস্তিকাটি আদালতের অপরাধমূলক মামলা এবং শিশুদের শুনানিতে প্রাপ্তবয়স্ক সাক্ষীদের জন্য

অনুরোধ করা হলে এই ডকুমেন্ট বা দলিলের আরো কপি, অডিও, বড়ো ছাপার অক্ষরে এবং সাম্প্রদায়িক ভাষায় পাওয়া যাবে।
অনুগ্রহ করে যোগাযোগ করুন 0131 244 2213.

© ক্রাউন কপিরাইট 2006

এই দলিলটি স্কটিশ একজিক্যুটিভ ওয়েবসাইটেও পাওয়া যায় ঃ
www.scotland.gov.uk

Astron B44303 04/06 (Bengali)

এই দলিলটি প্রকৃত দলিলের যথাযথ প্রতিরূপ রূপে বিবেচিত।

এখানে আরো কপি পেতে পারেন
Blackwell's Bookshop
53 South Bridge
Edinburgh
EH1 1YS

টেলিফোনে অর্ডার এবং জিজ্ঞাসাবাদের জন্য
0131 622 8283 অথবা 0131 622 8258

ফ্যাক্স অর্ডার
0131 557 8149

ইমেল অর্ডার
business.edinburgh@blackwell.co.uk

9 780755 950799
ISBN 0-7559-5079-8

www.scotland.gov.uk

সাক্ষী হওয়া

বিশেষ ব্যবস্থার ব্যবহার

এই পুস্তিকাটি আদালতের অপরাধমূলক মামলা এবং শিশুদের শুনানীতে প্রাপ্তবয়স্ক সাক্ষীদের জন্য।

এই পুস্তিকায় ব্যবহৃত ছবিগুলি স্কটিশ একজিকুট্যিভ-এর শিশু ও প্রাপ্তবয়স্ক ক্ষতিসাধনযোগ্য সাক্ষীদের জন্য নির্দেশিকা 'বিইং এ উইটনেস' (সাক্ষী হওয়া) সিডি রোম থেকে নেওয়া হয়েছে।

সংশ্লিষ্ট প্রত্যেক ব্যক্তিকে বিশেষভাবে ধন্যবাদ জানানো হচ্ছে।

সূচীপত্র

ভূমিকা	2
ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী কাকে বলে?	3
ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীর সাক্ষ্য দেওয়ার জন্য যে বিশেষ ব্যবস্থার সুবিধা পাওয়া যায়	6
বিশেষ ব্যবস্থা – স্ক্রীনের ব্যবহার	9
বিশেষ ব্যবস্থা – টেলিভিশন লিংকের ব্যবহার	10
বিশেষ ব্যবস্থা – সহায়কের ব্যবহার	12
বিশেষ ব্যবস্থা – পূর্ববিবৃতির ব্যবহার	15
বিশেষ ব্যবস্থা – কমিশনারের নেওয়া সাক্ষ্য	16
আপনার মতামত	18

ভূমিকা

সাক্ষী হওয়ার অভিজ্ঞতা নতুন ও অপরিচিত মনে হতে পারে।

কয়েকজন সাক্ষীর বিশেষভাবে ক্ষতির সম্ভাবনা থাকতে পারে তার কারণ তাদের পরিস্থিতি অথবা আদালতে তাদের যে প্রকার সাক্ষ্য দিতে বলা হয়েছে।

কয়েকটি বিশেষ উপায় আছে যা বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীদের সাক্ষ্য দিতে সাহায্য করে এবং এগুলিকে বলা হয় বিশেষ ব্যবস্থা।

সকল সাক্ষীকেই ইতিমধ্যেই নিশ্চয়ই একটি পুস্তিকা মারফত জানানো হয়েছে যে সাক্ষী দেওয়া এবং আদালতে যাওয়ার অর্থ কী।

প্রাপ্ত বয়স্ক যেসকল সাক্ষীর ক্ষতির সম্ভাবনা রয়েছে এই পুস্তিকায় তাদের সাক্ষ্যদানে সাহায্যের জন্য বিশেষ ব্যবস্থার ব্যবহার বিষয়ে জানানো হয়েছে।

এই পুস্তিকা পড়ে আপনি জানতে পারবেন এই বিশেষ ব্যবস্থাগুলি কী এবং কিভাবে সেগুলি আপনাকে সাহায্য করবে।

ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী কাকে বলে?

সর্বাধিক ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীদের সাহায্যের জন্য স্কটিশ পার্লামেন্ট 2004 সালে একটি আইন পাস করে। ভালনারেবল উইটনেস (স্কটল্যান্ড) অ্যাক্ট বা ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী (স্টকল্যান্ড) আইনএর উদ্দেশ্য হল সাক্ষীদের সাহায্যার্থে সহায়ক ব্যবস্থাগুলির উন্নতিসাধন করা, যাতে বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীরা তাদের পক্ষে যতটা সম্ভব ভালোভাবে সাক্ষ্যদান করতে পারে।

আদালত কয়েকজন সাক্ষীকে বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত বিবেচনা করে যদি তাদের সাক্ষ্যের গুণমাণ একটি মানসিক বিশৃঙ্খলা বা তাদের সাক্ষ্য দেওয়া সম্পর্কে ভীতি বা বিপন্নতা দ্বারা প্রভাবিত হতে পারে।

মানসিক বিশৃঙ্খলার অর্থ মানসিক অসুস্থতা বা শেখার অক্ষমতা হতে পারে। ভীতি বা বিপন্নতা বিভিন্ন কারণে হতে পারে।

আপনি যদি মনে করেন আপনি ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী হতে পারেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষী হওয়ার জন্য ডেকেছেন (প্রকিউরেটর ফিসকাল, শিশুদের রিপোর্টার বা এই মামলার একজন উকিল) তার সঙ্গে এ ব্যাপারে কথা বলুন। তারা আপনার পরিস্থিতি বিষয়ে ব্যবস্থা করার জন্য আদালতে আবেদন করা যথোচিত হবে কিনা স্থির করবেন।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন, তিনি যদি মনে করেন যে আপনাকে আইনের ব্যাখ্যা অনুসারে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী বিবেচনা করা যায়, তাহলে তিনি এ বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন। তিনি আপনাকে বুঝিয়ে দেবেন যে বিশেষ ব্যবস্থা ব্যবহার করার জন্য তাদের আদালতের কাছে (যে বিচারক বা শেরিফ এই মামলার তত্ত্বাবধানে আছেন) আবেদন জানানোর প্রয়োজন হবে।

তাদের আবেদনে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত করা প্রয়োজন ঃ

- কেন আপনাকে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী বিবেচনা করা হবে, সেই সঙ্গে অতিরিক্ত আরো কোনো তথ্য যা এই আবেদনের সহায়ক হবে;
- কোন বিশেষ ব্যবস্থা (গুলি) ব্যবহার করা আপনি পছন্দ করবেন সে বিষয়ে আপনার মতামত; এবং
- আপনার সাক্ষ্যদান কালে সাহায্য করার জন্য এই বিশেষ ব্যবস্থাটি কি সর্বাধিক উপযোগী বলে বিবেচিত।

ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী হিসেবে বিবেচিত হওয়ার জন্য আপনি আইনের নীতি পূরণ করেন কিনা সে বিষয়ে বিচারক বা শেরিফকে নিঃসন্দেহ হতে হবে, এবং তার জন্য আবেদনের সঙ্গে দেওয়া সকল তথ্য তারা বিবেচনা করে দেখবেন।

আইনের ব্যাখ্যা অনুসারে আপনি ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী, এ ব্যাপারে বিচারক বা শেরিফ যদি সহমত হন, তাহলে তাদের বিবেচনা করে দেখতে হবে যে বিশেষ ব্যবস্থার প্রয়োগ না করে আপনাকে যদি সাক্ষ্য দিতে হয় তাহলে তার প্রভাব আপনার উপরে কী হতে পারে এবং বিশেষ ব্যবস্থার সুবিধা সহ আপনি আরো যোগ্য রূপে সাক্ষ্য দিতে সক্ষম হবেন কিনা।

একজন সাক্ষীকে বিশেষ ব্যবস্থা ব্যবহার করার অনুমতি দেওয়া হবে কিনা সেই সিদ্ধান্ত বিচারক বা শেরিফ নেবেন এবং কোন ব্যবস্থাটি সর্বাধিক উপযোগী সেটাও স্থির করবেন।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

এই পুস্তিকাটি আপনাকে দেওয়া হয়েছে যাতে আপনি বুঝতে পারেন এই বিশেষ ব্যবস্থাগুলি কি এবং কিভাবে এগুলি আপনাকে সাহায্য করতে পারে।

বহু সাক্ষী সাক্ষ্য দিতে উদ্বিগ্ন বোধ করেন এবং কিছু সাক্ষী আইনের ব্যাখ্যা অনুযায়ী ক্ষতির সম্ভাবনাযুক্ত বলে চিহ্নিত হন। যাইহোক, প্রত্যেক সাক্ষীর বিশেষ ব্যবস্থার সুবিধা গ্রহণ করার প্রয়োজন হয় না।

মনে রাখবেন

সাক্ষ্যদানে সাহায্যের জন্য আপনি বিশেষ ব্যবস্থার ব্যবহার করুন বা না করুন, যে সাক্ষীরা নিজেদের ক্ষতির সম্ভাবনাযুক্ত বলে অনুভব করেন, তাদের জন্য অতিরিক্ত সহায়তার ব্যবস্থা করা যেতে পারে।

উদাহরণস্বরূপ, আপনি একটি ভিন্ন প্রবেশদ্বার দিয়ে আদালত ভবনে (কোর্ট বিল্ডিং) প্রবেশ করতে পারেন, এবং সাক্ষ্যদানের জন্য অন্য সাক্ষীদের চেয়ে পৃথক একটি ভিন্ন ঘরে অপেক্ষা করতে পারেন। আপনার সাক্ষ্যদানের সময় আপনার সাহায্যের জন্য অতিরিক্ত স্বাচ্ছন্দ্য বিরতির অনুরোধ জানানো সম্ভব, অথবা আদালত সাধারণ জনতার প্রবেশ নিষিদ্ধ করতে পারে।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন। তিনি আপনার বিশেষ পরিস্থিতি বিষয়ে এবং আপনার পক্ষে সর্বাধিক সাহায্যদায়ক কী হবে সে ব্যাপারে আলোচনা করবেন।

ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীর সাক্ষ্য দেওয়ার জন্য বিশেষ ব্যবস্থার সুবিধা পাওয়া যায়

আইনের বর্ণনা অনুযায়ী আপনি যদি বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী বলে চিহ্নিত হয়ে থাকেন, তাহলে সাক্ষ্যদানে আপনাকে সাহায্য করার জন্য কতগুলি বিশেষ ব্যবস্থার সুবিধা রয়েছে যাতে অপরাধের মামলায় অথবা শিশুদের শুনানির মামলায় আপনি সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারেন।

বিশেষ ব্যবস্থাগুলি হল :

- আদালতের একটি স্ক্রীন (পৃষ্ঠা 9);
- আদালতের সঙ্গে টেলিভিশন লিংক (পৃষ্ঠা 10);
- একজন সহায়ক (একজন সহায়ক ব্যক্তির ব্যবহার) (পৃষ্ঠা 12);
- সাক্ষীর দ্বারা আগে দেওয়া পূর্ব বিবৃতি (পৃষ্ঠা 15);
- কমিশনার দ্বারা আগে গৃহীত সাক্ষ্য (পৃষ্ঠা 16)।

এই বিশেষ ব্যবস্থাগুলি মিশ্রতভাবেও ব্যবহার করা সম্ভাব। উদাহরণস্বরূপ, আপনি টেলিভিশন লিংক ব্যবহার করার সঙ্গে সঙ্গে সাক্ষ্যদানের সময় একজন সহায়ক আপনার সঙ্গে থাকা বিবেচনা করতে পারেন।

মনে রাখবেন এই বিশেষ ব্যবস্থাগুলি শুধুমাত্র ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষীরাই পেতে পারেন এবং এর জন্য আদালতে একটি বিশেষ আবেদন জানিয়ে অনুমোদন গ্রহণ করতে হয়।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি যদি মনে করেন যে আপনি ক্ষতির সম্ভাবনাযুক্ত এবং আপনার সাক্ষ্যের গুণমান প্রভাবিত হওয়ার বিশেষ ঝুঁকি রয়েছে তাহলে তিনি আপনার জন্য পূর্বে উল্লিখিত এক বা একাধিক বিশেষ ব্যবস্থা ব্যবহারের জন্য আদালতে আবেদন জানাবেন।

তারা আপনাকে বিশেষ ব্যবস্থাগুলি বুঝিয়ে দেবেন এবং আপনার নির্দিষ্ট প্রয়োজন ও মামলাটির পরিস্থিতি অনুযায়ী কোন ব্যবস্থাটি সর্বাধিক সাহায্যদায়ক হবে সে সম্বন্ধে আপনার সঙ্গে আলোচনা করবেন।

আপনার জন্য বিশেষ ব্যবস্থা ব্যবহার করার প্রয়োজনকে সমর্থন করে এমন কিছু তথ্য আবেদনটির সঙ্গে থাকতে হবে। এই তথ্য খুব সংক্ষিপ্ত অথবা, যেখানে প্রয়োজন, আরো বিস্তারিত হতে পারে। কয়েকটি ক্ষেত্রে এই আবেদনকে সমর্থন করার মতো প্রয়োজনীয় তথ্য গোপনীয় অথবা সংবেদনশীল প্রকৃতির হতে পারে এবং সেটা নির্ভর করবে আপনাকে ক্ষতির সম্ভাবনাযুক্ত মনে করার নির্দিষ্ট কারণের উপরে।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হওয়ার জন্য ডেকেছেন আপনার ক্ষতির সম্ভাবনা যাচাই করার জন্য অথবা আপনার বিশেষ ব্যবস্থার জন্য আদালতে আবেদন করার ব্যাপারে আপনার সঙ্গে আপনার পরিস্থিতি বিষয়ে আলোচনা করবেন। কয়েকটি ক্ষেত্রে, আপনার স্বাস্থ্য বিষয়ে আপনার ডাক্তার বা সমাজসেবীর সঙ্গে আরো জিজ্ঞাসাবাদ করার জন্য তারা আপনার অনুমতি চাইতে পারেন, যা আদালতে পাঠানোর আবেদনটির সমর্থনের জন্য প্রয়োজন হবে।

একথা মনে রাখবেন যে আপনার নির্দিষ্ট ক্ষতির সম্ভাবনা বিষয়ে প্রস্তুত সকল তথ্য বা বিশেষজ্ঞের রিপোর্ট, আদালতে আপনার জন্য বিশেষ ব্যবস্থা ব্যবহার করার আবেদনের অংশ হতে পারে এবং সেকারণে অভিযুক্ত ব্যক্তি বা তার আইনসম্মত প্রতিনিধি সেটা দেখতে পারেন অথবা সে বিষয়ে জানতে পারেন।

আপনি যদি এ ব্যাপারে উদ্বিগ্ন বোধ করেন, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষ্য দিতে ডেকেছেন তার সঙ্গে কথা বলুন।

এটা মনে রাখা জরুরি যে বিচারক বা শেরিফ সাক্ষী হিসেবে আপনার স্বার্থ বিবেচনা করে দেখবেন কিন্তু একই সঙ্গে ন্যায়ের অপক্ষপাত এবং বিচার বা শুনানির ন্যায্যতার কথাও বিবেচনা করবেন।

বিশেষ ব্যবস্থা – স্ক্রীনের ব্যবহার

আইনের ব্যাখ্যা অনুযায়ী আপনি যদি ক্ষতির সম্ভাবনাযুক্ত বলে বিবেচিত হন, এবং যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি অথবা মামলার সঙ্গে জড়িত অন্য কোনো ব্যক্তি কে দেখলে আপনার সাক্ষ্য প্রভাবিত হওয়া সম্ভব, আদালত বা কোর্টরুমে একটি স্ক্রীনের ব্যবহার আপনাকে সাক্ষ্য দিতে সাহায্য করতে পারে।

এই স্ক্রীনটি একটি ‘রুম ডিভাইডারের’ মতো উইটনেস বক্স বা কাঠগোড়ার পাশে রাখা হবে, যা অভিযুক্ত ব্যক্তি (বা মামলায় জড়িত অন্যান্য ব্যক্তি) ও আপনার মাঝখানে একটি পর্দার মতো কাজ করবে। অতএব আপনি ঐ ব্যক্তিদের দেখতে পাবেন না। আপনি শুধু বিচারক (এবং জুরি, যদি উপস্থিত থাকেন), শেরিফ, শিশুদের রিপোর্টার এবং বিচারকার্যের সঙ্গে জড়িত অন্য উকিলদের দেখতে পাবেন।

যাইহোক, এটা জানা আপনার পক্ষে জরুরী যে অভিযুক্ত ব্যক্তি এবং পর্দার ওপাশে থাকা অন্য ব্যক্তিরা আপনার সাক্ষ্যদানের সময়ে আদালতের টেলিভিশনের সাহায্যে আপনাকে অপ্রত্যক্ষভাবে দেখতে পাবে।

বিশেষ ব্যবস্থা - টেলিভিশন লিংকের ব্যবহার

যে ব্যক্তি আপনাকে সাক্ষী দিতে ডেকেছেন তিনি যদি মনে করেন আপনি ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী এবং আদালতের ভিতরে এলে আপনার সাক্ষ্য প্রভাবিত হতে পারে, তাহলে আপনার সাক্ষ্য দেওয়ার জন্য টেলিভিশন লিংকের ব্যবহার বিবেচনা করার জন্য আদালতে আবেদন করা হবে।

টেলিভিশন লিংক রুমটি যেখানে বিচার বা শুনানি চলছে সেই আদালত ঘর থেকে পৃথক একটি স্থান। সাধারণতঃ সেটা একই বিল্ডিং-এ অবস্থিত হয় কিন্তু কখনও আবার অন্য বিল্ডিংএ হতে পারে।

টেলিভিশনের সঙ্গে আদালত ঘরের সংযোগ থাকে, যাতে আপনার সাক্ষ্যদানের সময় আদালতে যারা আছেন তারা সকলে আপনাকে দেখতে ও শুনতে পান।

বিচারক বা শেরিফ এবং আদালতে উপস্থিত উকিলদের প্রত্যেকের কাছে টেলিভিশন মনিটর, মাইক্রোফোন এবং ক্যামেরা থাকে, কিন্তু আপনি শুধুমাত্র যে ব্যক্তি আপনাকে প্রশ্ন করছেন তাকেই দেখতে ও শুনতে পাবেন - আদালতে উপস্থিত অন্য সকলকে, যেমন অভিযুক্ত ব্যক্তি অথবা অপর ব্যক্তিদের আপনি দেখতে পাবেন না।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

সবগুলি ক্যামেরা বিচারক বা শেরিফ দ্বারা নিয়ন্ত্রিত হয়। এগুলি সুইচ অন বা চালু করা হলে, আপনি বিচারক, শেরিফ বা উকিল প্রতিবার যে কোনো একজনকে দেখতে পারেন এবং তারা আপনাকে দেখতে ও শুনতে পারেন।

আপনাকে এটা বুঝতে হবে যে যদিও টেলিভিশন লিংক ব্যবহারের কারণে আপনি অভিযুক্ত ব্যক্তি অথবা মামলার সঙ্গে জড়িত অন্য ব্যক্তিদের দেখতে পাবেন না, আপনার সাক্ষ্যদানের সময়ে আদালতে টেলিভিশন মনিটরে এই ব্যক্তিদের সকলেই আপনাকে দেখতে পাবে।

বিশেষ ব্যবস্থা – সহায়কের ব্যবহার

যে সব সাক্ষীরা নিজেদের ক্ষতির সম্ভাবনাযুক্ত বলে মনে করে, প্রায়শ সাক্ষ্য দেওয়ার সময় নিজেদের বিচ্ছিন্ন অনুভব করেন, এবং অনেক সময়ে আদালতে বা টেলিভিশন লিংক রুমে তাদের কাছাকাছি কেউ বসে থাকলে ভরসা পান। এই ব্যক্তিদের বলা হয় সহায়ক বা সাপোর্টার। আপনার সাক্ষ্য দানের সময় আপনার কাছে উপস্থিত থেকে এরা আপনার সহায়তা করেন।

আপনি সাক্ষ্য দেওয়ার আগে আপনার সহায়ক আপনাকে ভরসা ও আশ্বাস দেবেন এবং আদালত যদি অনুমতি দেয়, বিরতির সময় আপনাকে সঙ্গ দান করবে।

যাই হোক, আপনার সহায়ক সাক্ষ্যের কোনো অংশে আপনাকে সাহায্য করতে পারেন না। তারা আপনার সাক্ষ্যদানের প্রতিবন্ধক হতে পারে না। অথবা আপনার সাক্ষ্যকে কোনো উপায়ে প্রভাবিত করার চেষ্টা করবেন না। আপনার সাক্ষ্যদানের সময় যখন তারা আপনার কাছে বসে থাকবে তারা আপনার মুখে কথা জোগানোর চেষ্টা করবেন না অথবা আপনার সাক্ষ্যদানে বাধা দেবেন না।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি যখন এই বিশেষ ব্যবস্থাটি ব্যবহার করার জন্য আবেদন জানাবেন, তখন আপনি তাকে জানাতে পারেন সহায়ক রুপে আপনি কাকে পেতে চান, যদিও সর্বশেষ সিদ্ধান্ত আদালত থেকেই নেওয়া হবে।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

অধিকাংশ সাক্ষী সাক্ষ্য দেওয়ার সময় এমন কাউকে পেতে চান যাকে তারা চেনেন এবং যাদের সাহচর্যে স্বচ্ছন্দ বোধ করেন।

কে আপনার সহায়ক হবেন এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনি বিবেচনা করে দেখতে চাইবেন এমন কয়েকটি বিষয় এখানে উল্লেখ করা হল ঃ

- আপনার পছন্দসই সহায়ককে যদি সাক্ষী হিসেবে ডাকা হয়ে থাকে, তাহলে সে আপনার সহায়ক রূপে কাজ করতে পারেন না, যদি না তার সাক্ষ্য দেওয়ার কাজ ততক্ষণে শেষ হয়ে গিয়ে থাকে;

- আপনাকে চিন্তা করে দেখার চেষ্টা করতে হবে যে আপনার সাক্ষ্য শুনে আপনার সহায়কের কী প্রতিক্রিয়া হবে। উদাহরণস্বরূপ কয়েকটি পরিবার ও বন্ধুকে আপনি হয়তো বিস্তারিতভাবে আপনার সাক্ষ্য শোনাতে চাইবেন না। আপনি যদি মনে করেন তারা আদালতে মানসিকভাবে বিপর্যস্ত বা ক্রুদ্ধ হয়ে উঠবেন, তার ফলে আপনি ও অস্থির হয়ে উঠতে পারেন। আপনি হয়তো সিদ্ধান্ত নেবেন আপনার পরিবারের বাইরে কাউকে বেছে নেওয়াই সবচেয়ে ভালো;

- যে ব্যক্তি কে আপনি সহায়ক রূপে পেতে চান সে হয়তো ঘটনাটি বিষয়ে বিস্তারিতভাবে অনেক কিছু জানেন এবং আদালত মনে করতে পারে যে আপনি যা বলবেন তা এই ব্যক্তির দ্বারা প্রভাবিত হতে পারে। কয়েকটি ক্ষেত্রে আপনার পছন্দসই সহায়ককে এই কারণে আদালত অনুমোদন করেন না;

বিশেষ ব্যবস্থার ব্যবহার

- হয়তো ইতিমধ্যেই বিশেষজ্ঞ সহায়ক সংস্থা বা সমাজসেবা বিভাগের কোনো ব্যক্তি আপনার সহায়তা করছেন এবং আপনি তাকেই মনোনীত করতে চাইবেন।

যে ব্যক্তি আপনাকে সাক্ষ্য দিতে ডেকেছেন তিনি এ ব্যাপারে আপনাকে পরামর্শ দিতে এবং একজন সহায়ক বেছে নিতে সাহায্য করতে পারেন। কয়েকটি অপরাধের মামলায় VIA অথবা সাক্ষী পরিষেবা এ বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করতে পারেন।

এটা সর্বদা মনে রাখা প্রয়োজন যে আপনার সহায়ক সাক্ষ্য দেওয়ার ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারেন না এবং আদালতে আপনাকে করা কোনো প্রশ্নের উত্তর দিতে পারেন না।

আদালত যদি আপনার জন্য সহায়কের অনুমোদন করে থাকেন, তাহলে আপনি আদালতের অনুমোদিত অন্য যে কোনো বিশেষ ব্যবস্থা ব্যবহার করার সময় আপনার সহায়ক আপনার কাছে বসে থাকতে পারেন।

বিশেষ ব্যবস্থা – পূর্ব বিবৃতির ব্যবহার

আপনি যদি অপরাধের মামলায় ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী হন এবং আপনার সঙ্গে পুলিশের কথাবার্তার একটি ভিডিও বা অডিও টেপ থাকে অথবা একটি বিবৃতি থাকে, যে ব্যক্তি আপনাকে সাক্ষ্য দিতে ডেকেছেন তিনি আদালতকে অনুরোধ করতে পারেন যে আপনার সাক্ষ্যের অংশ হিসেবে আদালতে ঐগুলি বাজিয়ে শোনানো অথবা দেখানো হোক বা পড়ে শোনানো হোক।

বিচারের সময় ঐ রেকর্ডিং বাজিয়ে শোনানো অথবা দেখানো বা পড়ে শোনানোর সময় আপনাকে দেখতে ও শুনতে অনুরোধ করা হবে, এরপরে বিবৃতিতে আপনি যা বলেছেন তার থেকে আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।

বিশেষ ব্যবস্থার ব্যবহার অর্থ এই নয় যে আপনার পূর্ব বিবৃতি বিষয়ে জিজ্ঞাসাবাদ করা থেকে আপনাকে নিষ্কৃতি দেওয়া হবে।

মনে রাখবেন, মামলার সঙ্গে জড়িত অন্য আইনজীবিরা, উদাহরণস্বরূপ অভিযুক্ত ব্যক্তির পক্ষের উকিল, আপনাকে তখনও প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি যদি আপনার জন্য এই বিশেষ ব্যবস্থা ব্যবহার করার কথা বিবেচনা করেন, তবে তিনি আপনাকে এ সম্বন্ধে আরো ভালোভাবে বুঝিয়ে দেবেন এবং আপনার মতামত জিজ্ঞাসা করবেন।

বিশেষ ব্যবস্থা – কমিশনারের নেওয়া সাক্ষ্য

আপনি যদি ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী বিবেচিত হন, কয়েকটি ক্ষেত্রে, প্রকিউরেটর ফিসকাল, শিশুদের রিপোর্টার বা আইনজীবি আদালতে মামলা শুরু হওয়ার আগে আপনার সাক্ষ্য রেকর্ডিং করে রাখতে চাইবেন। যদি মনে করা হয় মামলার তারিখ পর্যন্ত অপেক্ষা করার ফলে আপনার সাক্ষ্য প্রভাবিত হতে পারে তাহলে আদালত এই ব্যবস্থায় সম্মতি দিতে পারে। একে বলা হয় কমিশনারের কাছে সাক্ষ্য দেওয়া। কমিশনারের কাছে আপনি যে সাক্ষ্য দিয়েছেন আদালতে মামলার সময় সেটা ব্যবহার করা যেতে পারে।

কমিশনারের কাছে সাক্ষ্য দেওয়ার অর্থ হল প্রকৃত মামলা থেকে ভিন্ন সময় ও স্থানে আপনি সাক্ষ্য দেবেন।

কয়েকটি বিশেষ ক্ষেত্রে মামলা শুরু হওয়ার পরেও এই বিশেষ ব্যবস্থা ব্যবহার করা হতে পারে।

আদালত কমিশনার রূপে কোনো একজন ব্যক্তিকে নির্বাচন করবে। মামলাটি কী প্রকারের তার উপরে নির্ভর করবে তিনি বিচারক বা অ্যাডভোকেট হবেন অথবা অন্য কোনো উপযুক্ত ব্যক্তি হবেন। আপনাকে একইভাবে সাক্ষ্য দিতে বলা হবে এবং জিজ্ঞাসাবাদ করা হবে কিন্তু সেটা বিচার বা শুনানিতে বিচারক বা শেরিফের সামনে না হয়ে কমিশনারের সামনে করা হবে।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

এই সাক্ষ্যদানের সময় অভিযুক্ত ব্যক্তি বা শিশুদের শুনানির মামলার সঙ্গে জড়িত প্রাসঙ্গিক ব্যক্তির এই সাক্ষ্য দেখার ও শোনার সম্পূর্ণ অধিকার আছে, তবে তারা আপনার সঙ্গে একই ঘরে থাকবেন না।

কমিশনারের কাছে দেওয়া সাক্ষ্য ভিডিও রেকর্ডিং করে রাখা হবে এবং রেকর্ডিংটি আদালতে সুরক্ষিত থাকবে। এর পরে বিচার বা শুনানির সময় সেটা দেখানো হবে এবং অন্য যে কোনো সাক্ষ্যের মতো এটা আপনার সাক্ষ্য রূপে স্বীকার করা হবে।

কমিশনের কাছে যদি আপনার সাক্ষ্য রেকর্ডিং করা হয়, সাধারণত মামলার সময় আপনাকে আর সাক্ষ্য দিতে হবে না।

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি যদি আপনার জন্য এই বিশেষ ব্যবস্থা ব্যবহার করার কথা বিবেচনা করেন, তবে তিনি এ সম্বন্ধে আপনার সঙ্গে কথা বলবেন এবং এর অর্থ কী ও কিভাবে করা হবে সেটা আরও ভালোভাবে বুঝিয়ে দেবেন।

আপনার মতামত

যে ব্যক্তি আপনাকে সাক্ষী হতে ডেকেছেন তিনি যদি মনে করেন যে আপনি ক্ষতির সম্ভাবনাযুক্ত সাক্ষী হওয়ার যোগ্য বিবেচিত হতে পারেন, তাহলে তিনি বিশেষ ব্যবস্থাগুলি কী এবং সেগুলি কিভাবে কাজ করে তা আপনাকে বুঝিয়ে দেবেন। তারা আপনাকে জিজ্ঞাসা করবেন যে কোনো বিশেষ ব্যবস্থা আপনার সাক্ষ্যদানে সাহায্য করতে পারে বলে মনে করেন কিনা, এবং কোন বিশেষ ব্যবস্থাটি ব্যবহার করা আপনি পছন্দ করবেন। আদালতে যে আবেদন জমা দিতে হবে তাতে কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে তারা সেকথাও ব্যাখ্যা করবেন।

ক্ষতির সম্ভাবনাযুক্ত সকল সাক্ষীই বিশেষ ব্যবস্থা ব্যবহার করতে চান না। এমন কি আপনি যদি বিশেষভাবে ক্ষতির সম্ভাবনাযুক্ত হন, তবুও কোনো বিশেষ ব্যবস্থার ব্যবহার ছাড়াই সাক্ষ্য দেওয়া পছন্দ করতে পারেন। যাইহোক, কয়েকটি ক্ষেত্রে বিচারক বা শেরিফ তা সত্ত্বেও আপনার স্বার্থ রক্ষার জন্য সাক্ষ্যদানের সময় বিশেষ ব্যবস্থা ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনার উচিত যে ব্যক্তি আপনাকে সাক্ষ্য দিতে ডেকেছেন তার সঙ্গে আপনার বিশেষ পরিস্থিতি ও মামলা বিষয়ে আপনার চিন্তাভাবনা এবং কোন বিশেষ ব্যবস্থাটি সবচেয়ে সাহায্যকারি বলে আপনি মনে করেন সে বিষয়ে কথাবার্তা বলা।

আপনাকে বিশেষ ব্যবস্থা ব্যবহারের অনুমতি দেওয়া হবে কিনা এবং কোন বিশেষ ব্যবস্থাটি আপনার পরিস্থিতিতে সর্বাধিক উপযুক্ত সে সম্পর্কে কোনো সিদ্ধান্তে পৌছানোর আগে আদালত আপনার মতামত ও সেই সঙ্গে আবেদনের সঙ্গে যুক্ত যে কোনো তথ্য বিবেচনা করে দেখবেন।

বিশেষ ব্যবস্থার ব্যবহার

যদি আপনার পরিস্থিতি বদলে যায়, বা কোন বিশেষ ব্যবস্থা আপনার পক্ষে সবচেয়ে সাহায্যকারী এ সম্বন্ধে যদি আপনার মতামত পাল্টে গিয়ে থাকে, তাহলে যে ব্যক্তি আপনাকে সাক্ষ্য দিতে ডেকেছেন, তাকে সেকথা জানান। কোন বিকল্প ব্যবস্থা আপনার পক্ষে আরো উপযুক্ত হবে এবং এ বিষয়ে আদালতে আবেদন জানাতে হবে কিনা সে সম্পর্কে তিনি আপনার সঙ্গে আলোচনা করবেন।

প্রত্যেকটি ক্ষেত্রে আদালতের পক্ষে আপনার সাক্ষ্যদানের ব্যবস্থাটি পুনরীক্ষণ করে দেখা সম্ভব। এর অর্থ, যদিও আপনি সাক্ষ্য দিতে শুরু করেছেন, আদালত আপনাকে একটি বিশেষ ব্যবস্থা ব্যবহারের অনুমতি দিতে পারে অথবা যে বিশেষ ব্যবস্থাটি ব্যবহার করছেন সেটা বদলে দিতে পারে। আদালতের এরকম করার কারণ এমন মনে হওয়া যে নির্দিষ্ট ক্ষতির সম্ভাবনা থাকার কারণে আপনার সাক্ষ্যের গুণমান প্রভাবিত হচ্ছে।

এই পুস্তিকা পাঠ করার পরে, আপনার ইতিমধ্যেই ধারণা হয়ে গিয়ে থাকতে পারে যে কোন বিশেষ ব্যবস্থাটি আপনারা পক্ষে সর্বাধিক সাহায্যকারি হবে অথবা যদি বিশেষ ব্যবস্থা ব্যবহার করা বিবেচনা করে থাকেন তাহলে আদালত বা টেলিভিশন লিংক রুম পরিদর্শনে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণে এই পুস্তিকা আপনার সহায়ক হতে পারে। একটি সিডি-রম ব্যবহার করে কোর্টরুমের ছবি এবং কিভাবে প্রত্যেকটি বিশেষ ব্যবস্থা কাজ করে তা দেখা সম্ভব হতে পারে।

এটা মনে রাখা জরুরী যে আদালতে আপনার সর্বাধিক স্বার্থ রক্ষা করার সঙ্গে সঙ্গে বিচার পদ্ধতির সুবিধা এবং বিচার ও শুনানির ন্যায্যতাও বিবেচনার বিষয়ীভূত করবেন।

আপনার নোটস